ঢাকা ওয়াসা

১। ২০২৫-২০২৬ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের কপি।
২। বাজার দরের সপক্ষে প্রাপ্ত কোটেশন।
৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়:- "Purchase of 6 nos. 300 Liter Plastic Blank Oil Drum for Vehicle fuel reserve MODS Zone-8, Dhaka WASA." কাজ প্রসঙ্গে।

১। সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৩ পর্যন্ত অনুগ্রহ করে দেখা যেতে পারে। উপর্যক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান শূষ্ক মৌসুমে মড়স জোন-৮ এর আওতাধীন বিভিন্ন এলাকায় তীব্র পানির সংকট দেখা দিয়েছে। ফলে গ্রাহক গণ প্রতিনিয়ত সরবরাহ লাইনে পানি না পাওয়ায় পানির গাড়ীর মাধ্যমে পানি সংগ্রহ করছে। ফলে অত্র জোনে প্রতিদিন গ্রাহক গণের পানির গাড়ীর চাহিদা বৃদ্ধি পেয়েছে। এছাড়া বর্তমান বৈশ্বিক যুদ্ধময় পরিবেশ এবং দীর্ঘদিন যাবৎ হরমুজ প্রনালী বন্ধ থাকার কারণে সারা বিশ্বে জ্বালানী সংকটের সৃষ্টি হয়েছে। এর প্রভাব বাংলাদেশের রাজধানী ঢাকা তেও ব্যাপক ভাবে পড়েছে। পাম্পে জ্বালানী তেলের জন্য দীর্ঘ লাইন, তবুও তেল পাওয়া যাচ্ছে না। এই সংকটময় সময়েও ঢাকা ওয়াসা গ্রাহক দের নিরবিচ্ছিন্ন সেবা প্রদান করে যাচ্ছে। জ্বালানী তেলের সংকট কালীন সময়ে গ্রাহকদেরকে পানির গাড়ী দ্বারা সুষ্ঠু ভাবে পানি সরবরাহ করার জন্য পানির গাড়ীর জ্বালানী তেল মজুদ করার লক্ষে ০৬ (ছয়) টি প্লাস্টিক তেলের ড্রাম ক্রয় করা প্রয়োজন। উক্ত ক্রয় কাজ সম্পাদনের জন্য প্রাপ্ত কোটেশনের সর্বনিম্ন দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে টাকার পরিমান দাঁড়িয়েছে ২৪,০০০/- (চব্বিশ হাজার টাকা মাত্র) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার মড়স জোন-৮ এর অনুকূলে ২০২৫-২০২৬ ইং অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের অফিস রক্ষণাবেক্ষণ খাত হতে বহন করা হবে

২। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ এর বর্ণনালোকে "Purchase of 6 nos. 300 Liter Plastic Blank Oil Drum for Vehicle fuel reserve MODS Zone-8, Dhaka WASA." কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০০(১) অনুযায়ী সরাসরি ক্রয় খাতে মোট ২৪,০০০/- (চব্বিশ হাজার টাকা মাত্র) টাকা মাত্র প্রাক্কলনটি সদয় অনুমোদন করা যেতে পারে, যা ক্রয় শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন, যা সবিনয়ে পেশ করা হলো।

03.05.26
শেখ আহমেদ সাঈদ সাদী আল
উপ-সহকারী প্রকৌশলী
মড়স্ জোন-৮
ঢাকা ওয়াসা।

AE
03.05.26
মোঃ মোস্তফা
সহকারী প্রকৌশলী
মড়স জোন-৮
ঢাকা ওয়াসা

06/05/2026
[illegible] কুমার মন্ডল
নির্বাহী প্রকৌশলী
মড়স জোন-[illegible]
ঢাকা ওয়াসা।

SE, MODS Circle-2
03/05/26
প্রকৌশলী মোঃ শাহ [illegible]
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড়স সার্কেল-২, ঢাকা ওয়াসা।

প্র বিধি মতে অনুমোদিত,

SE, MODS-2
05/05/26
শাওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

CE/SIP